

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৮-৬৩৪

তারিখঃ ০৫/০৭/২০১৮খ্রিঃ
সময়ঃ দুপুর ২.৩০টা

সমুদ্রবন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্রবন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ০৫ই জুলাই, ২০১৮ ইং তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণপূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো দমকা হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর নৌ হাওয়া সংকেত (পুনঃ) ১ নম্বর নৌ হাওয়া সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ সিনপটিক অবস্থাঃ

রংপুর, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায়, খুলনা, বরিশাল ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থাঃ সামান্য পরিবর্তন হতে পারে।

ভারী বর্ষণের সতর্কবাণী

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (০৪ জুলাই, ২০১৮) সন্ধ্যা ৬:০০ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে রংপুর, সিলেট, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও দমকা হাওয়া সহ ভারী (৪৪-৮৮ মি.মি.) থেকে অতিভারী (>৮৯ মি.মি.) বর্ষণ হতে পারে। অতি ভারী বর্ষণের কারণে সিলেট ও চট্টগ্রাম বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.৫	৩১.৭	২৯.০	৩১.৩	৩২.৭	৩২.২	৩২.২	২৯.৮
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.৫	২৫.৭	২৪.৩	২৫.০	২৬.০	২৫.৫	২৫.০	২৪.৬

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রাঃ সর্বোচ্চ তাপমাত্রা বগুড়া ৩২.৭° এবং সর্বনিম্ন সীতাকুণ্ডু ২৪.৩° সেঃ।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি-

- ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা-পদ্মা ও আপার মেঘনা অববাহিকার নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পাহাড়ী অববাহিকার নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ৭২ ঘণ্টা অব্যহত থাকতে পারে, অপরদিকে গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ৪৮ ঘণ্টা অব্যহত থাকতে পারে।
- উত্তর-পূর্বাঞ্চলের সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ২৪ ঘণ্টা অব্যহত থাকতে পারে। ফলে সিলেট, সুনামগঞ্জ ও মৌলভীবাজার জেলার নিম্নাঞ্চলের কতিপয় স্থানে বিদ্যমান বন্যা পরিস্থিতির অবনতি ঘটতে পারে।
- বাংলাদেশ ও ভারতীয় আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল ও তৎসংলগ্ন ভারতীয় অংশে ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- আগামী ২৪ হতে ৪৮ ঘন্টায় দেশের উত্তরাঞ্চলের ধরলা, তিস্তা, দুধকুমার, ঘাঘট নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে।

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৪	অপরিবর্তিত	০১
বৃদ্ধি	৬৯	তথ্য পাওয়া যায় নাই	০
হ্রাস	২৪	বিপদসীমার উপরে	০৮

অদ্য নিম্নবর্ণিত ৮ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমার উপরে (সে.মি.)
সিলেট	কানাইঘাট	সুরমা	+১৯	+১২১

০৫/০৭/১৮

